শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং -শেকৃবি/এইচ-১/প্রশা:/২০২২-২৮৮ তারিখঃ ২১-০১-২০২২ খ্রিঃ

## জরুরী নোটিশ

**করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে** সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি-নিষেধ আরোপ সম্পর্কিত মন্ত্রীপরিষদ বিভাগের ২১-০১-২০২২ তারিখে জারীকৃত ০৪.০০.০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১ সংখ্যক পত্রের প্রেক্ষিতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের করোনা সংক্রমণ এবং সার্বিক পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ডিনবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, আহবায়ক (টেকনিক্যাল উপ-কমিটি, ভর্তি-২০২১ সংক্রান্ত), পরিচালক (ছাত্রপরামর্শ ও নির্দেশনা), প্রক্টর, পরীক্ষা নিয়ন্ত্রক ও চিকিৎসকসহ শিক্ষকদের সাথে এক **জরুরী মতবিনিময় সভা** অদ্য ২১-০১-২০২২ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় **ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শহীদুর রশীদ ভূঁইয়া**-এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। বর্ণিত সিদ্ধান্তসমূহ অনুসরণ করার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কমৃচারীবৃন্দকে অনুরোধ জানানো যাচ্ছে:

(১) আগামী ২৩-০১-২০২২ তারিখ হতে ০৬-০২-২০২২ তারিখ পর্যন্ত স্ব-শরীরে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাশ ও পরীক্ষা বন্ধ থাকবে;

(২) ২২-০১-২০২২ তারিখের নির্ধারিত সকল ক্লাশ (যদি থাকে) ও পরীক্ষা যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হবে;

(৩) সংশ্লিষ্ট কোর্স শিক্ষকদের সাথে আলোচনা সাপেক্ষে চলমান কোর্সসমূহের ক্লাশ অন-লাইন (Online)-এ গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৪) বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত চলবে। তবে বিশ্ববিদ্যালয়ের জরুরী সার্ভিস, যেমন-বিদ্যুৎ, গ্যাস, পানি, চিকিৎসা, খামার, নিরাপত্তা, যানবাহন ও এস্টেট ইত্যাদি সার্ভিসসমূহ, যথারীতি চালু থাকবে;

(৫) বিশ্ববিদ্যালয়ে যে কোন ধরনের সমাবেশ/জমায়েত বা অনুষ্ঠানাদি বন্ধ থাকবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের আদেশক্রমে,

২১/১/২০২২

**(শেখ রেজাউল করিম)**
রেজিস্ট্রার

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) ঃ

১. ডিন (সকল), ........................................................................ শেকৃবি।
২. পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি, শেকৃবি।
৩. বিভাগীয় চেয়ারম্যান (সকল), ........................................................................বিভাগ, শেকৃবি।
৪. গ্রন্থাগারিক, শেকৃবি।
৫. প্রভোস্ট (সকল), ........................................................................হল, শেকৃবি।
৬. প্রক্টর, শেকৃবি।
৭. পরিচালক (সকল), ........................................................................ শেকৃবি।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক/চীফ মেডিকেল অফিসার/প্রধান প্রকৌললী, শেকৃবি।
৯. ট্রান্সপোর্ট কো-অর্ডিনেটর, পরিবহন পুল, শেকৃবি।
১০. খামার তত্তাবধায়ক, শেকৃবি।
১১. অতিরিক্ত রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সকল) ........................................................................শেকৃবি।
১২. ভিসি মহোদয়ের একান্ত সচিব/অতিরিক্ত রেজিস্ট্রার, ভিসি মহোদয়ের সচিবালয়, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি।
১৪. ডেপুটি রেজিস্ট্রার/উপ-পরিচালক (সকল) ........................................................................ শেকৃবি।
১৫. পিএ-টু ট্রেজারার, শেকৃবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. অফিস নথি।